

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৩৯২

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ যে কোন প্রাণী এমনকি পিঁপড়েকে আগুন দিয়ে পুড়িয়ে শাস্তি দেওয়া নিষেধ

আরবী

وَعَنِ ابْنِ مَسعُوْدِ قَالَ: كُنَّا مَعَ رَسُوْلِ اللهِ عَلَيْ فِيْ سَفَرٍ فَانْطَلَقَ لِحَاجَتِهِ فَرَأَيْنَا حُمَّرَةً مَعَهَا فَرْخَانِ فَأَخَذْنَا فَرْخَيْهَا فَجَاءَتِ الحُمَّرَةُ فَجَعَلَتْ تَعْرِشُ، فَجَاءَ النَّبِيُّ عَلَيْ فَقَالَ مَنْ فَجَعَ النَّبِيُ عَلَيْ فَقَالَ مَنْ خَرَقَ فَذَهِ بِوَلَدِهَا ؟ رُدُّوا وَلَدَهَا إِلَيْها وَرَأَى قَرْيَةَ نَمْلِ قَدْ حَرَّقْنَاهَا فَقَالَ مَنْ حَرَّقَ هَذِهِ؟ فَجُعَ هَذِهِ بِوَلَدِهَا ؟ رُدُّوا وَلَدَهَا إِلَيْها وَرَأَى قَرْيَةَ نَمْلِ قَدْ حَرَّقْنَاهَا فَقَالَ مَنْ حَرَّقَ هَذِهِ؟ قُلْنَا : نَحْنُ، قَالَ إِنَّهُ لاَ يَنْبَغِي أَنْ يُعَذِّبَ بِالنَّارِ إِلاَّ رَبُّ النَّارِ رواه أَبُو داود بإسناد صحيح

বাংলা

(২৩৯২) ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, এক সফরে আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলাম। তিনি পেশাব-পায়খানা করতে চলে গেলেন। অতঃপর আমরা একটি লাল রঙের (হুন্মারাহ) পাখী দেখলাম। পাখীটির সাথে তার দুটো বাচ্চা আছে। আমরা তার বাচ্চাগুলোকে ধরে নিলাম। পাখীটি এসে (আমাদে)র আশে-পাশে ঘুরতে লাগল। এমতাবস্থায় নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম ফিরে এলেন এবং বললেন, এই পাখীটিকে ওর বাচ্চাদের জন্য কে কস্তে ফেলেছে? ওকে ওর বাচ্চা ফিরিয়ে দাও। তারপর তিনি পিঁপড়ের একটি গর্ত দেখতে পেলেন, যেটাকে আমরা জ্বালিয়ে দিয়েছিলাম। তা দেখে তিনি জিজ্ঞাসা করলেন, এ গর্তিটি কে জ্বালাল?" আমরা জবাব দিলাম যে, 'আমরা (জ্বালিয়েছি)।' তিনি বললেন, ''আগুনের মালিক (আল্লাহ) ছাডা আগুন দিয়ে শান্তি দেওয়া আর কারো জন্য সঙ্গত নয়।

ফুটনোট

(আবূ দাউদ ২৬৭৭, বিশুদ্ধ সূত্রে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন